গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও

এবং

অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর-এর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৭

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৮

# জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে কৃষকের নিকট চাহিদা অনুযায়ী সম্প্রসারণ সেবা ও প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে চাল, গম, ভূট্টা ও আলুসহ শাক-সবজীর উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়েছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে জেলায় বিগত তিন বছরে চালের মোট উৎপাদন হয়েছে ২৪২০৮৫৬ মেঃ টন এবং ২০২৩-২৪ অর্থবছরে মোট খাদ্যশস্যের (চাল+গম+ভূট্টা) উৎপাদন হয়েছে ১৫৮৮০১৯ মেঃ টন। ২০২২-২৩ অর্থ বছরে খাদ্যশস্যের (চাল+গম+ভূট্টা) উৎপাদন হয়েছে ১৫৭৯৯১৭ মেঃ টন। ফলে ২০২২-২৩ এর তুলনায় ২০২৩-২৪ অর্থবছরে খাদ্যশস্যের মোট উৎপাদন বৃদ্ধি পেয়েছে ৮১০২ মেঃ টন। খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত সহিষ্ণু জাত, বিশেষত উচ্চ ফলনশীল উফশী ও শংকর জাতের ব্যবহার বৃদ্ধি, উচ্চ মূল্যের শাকসবজির আবাদ বৃদ্ধি, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বারোমাসী ফল ও শাকসবজির আবাদ, পানি সাশ্রয়ী প্রযুক্তি যেমন ড্রিপ ইরিগেশন ও বোরো ফসলে AWD প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, সুষম মাত্রায় সার ব্যবহার, পার্চিং, আধুনিক চাষাবাদ পদ্ধতি, গুণগত মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও ব্যবহার বৃদ্ধি, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে। মোট জনগোষ্ঠির প্রায় অর্ধেক নারীকে কৃষিতে সম্পৃক্তায়নের লক্ষ্যে নারীসহ বিগত তিন বছরে প্রায় ৩৭৯৭৩ কৃষক/কৃষাণীকে লাগসই আধুনিক প্রযুক্তির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জেলায় প্রতিবছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা ও দূর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুষম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, খামার যান্ত্রিকরণ, দ্রুত ও সহজে প্রযুক্তি সম্প্রসারণে ই-কৃষি প্রবর্তন, গবেষণা-সম্প্রসারণ-কৃষক সমন্বয় সাধন শক্তিশালীকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ুগত পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রফতানীযোগ্য ফল, সবজী চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল, তেল, মসলা ও সবজী জাতীয় ফসল অর্ন্তভূক্ত করে ফসলের বহুমুখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, “বাংলা গ্যাপ” সুচনা এবং বাস্তবায়নের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, সম্প্রসারণ কর্মীর প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রুত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন, খামার যান্ত্রিকীকরণ শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে চালের মোট উৎপাদন লক্ষ্যমাত্রা ৮৩৫৭০৫ মেঃটন যার মধ্যে উফশী আউশ ধান উৎপাদন ৭৫২০০ মেঃ টন (চালে) এবং মোট খাদ্য শস্যের (চাল+গম+ভূট্টা) উৎপাদন লক্ষ্যমাত্রা ১৬০২১৩৪ মেঃ টন।
- লাগসই আধুনিক প্রযুক্তির উপর ১৩২০০ জন কৃষক কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান।
- কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির উপর ২০০ জন সম্প্রসারণ কর্মীকে প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ৫০০০ টি প্রদর্শনী স্থাপন।
- বীজ উৎপাদন ও বিপণনে ১০ জন উদ্যোক্তা তৈরী।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও

এবং

অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

"ফসলের টেকসই ও লাভজনক উৎপাদন"

### ১.২ অভিলক্ষ্য (Mission)

"টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করণের লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রীকৃত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্পসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ"

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বর উন্নয়ন
৩. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ
৪. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানীতে সহায়তা

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কৃষকের মাঝে উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ ( কৃষক প্রশিক্ষণ, প্রদর্শনী, মাঠ প্রদর্শনী, চাষী র‌্যালী, উদ্বুদ্ধকরণ ভ্রমণ, কৃষি প্রযুক্তি মেলা, কর্মশালা, সেমিনার ইত্যাদি)।
২. সম্প্রসারণ কর্মী ও কৃষকদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।
৩. সার ও সারজাতীয় দ্রব্যের সরবরাহ ও বাজারজাতকরণ নিবন্ধন প্রদান ও নিবন্ধন নবায়ন।
৪. কৃষি গবেষণা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন ও উদ্ভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ।
৫. কৃষি উপকরণ (সার ও বালাইনাশক) সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বিসিআইসি অনুমোদিত সার ডিলার নিয়োগে সহায়তা প্রদান, খুচরা সার বিক্রেতা ও বালাইনাশক ডিলার (পাইকারী ও খুচরা) প্রদান।
৬. মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ( কম্পোস্ট, ভার্মি কম্পোস্ট, সবুজ সার ও খামারজাত সার) উৎপাদন ও ব্যবহার বৃদ্ধিকরণ।
৭. পানি ব্যবস্থাপনার মাধ্যমে ফসল উৎপাদন, এবং সেচ কার্যে ভ'-উপরিস্থ পানির দক্ষ ব্যবহারে কৃষকদের উৎসাহিতকরণ।
৮. কৃষক পর্যায়ে গুণগত মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ।
৯. সেচ এলাকা বৃদ্ধি এবং পানি সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহারে কৃষকদেরকে উৎসাহিতকরণ।
১০. সুষমমাত্রায় সার ও অন্যান্য কৃষি উপকরণের দক্ষ ব্যবহারে কৃষকদেরকে উৎসাহিতকরণ/পরামর্শ প্রদান।
১১. দূর্যোগ প্রবণ ( খরা, তাপপ্রবাহ, ঘুর্ণি ঝড় ও বন্যাপ্রবণ) এলাকায় ঘাত সহিষ্ণু জাত ও চাহিদাভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ।
১২. প্রাকৃতিক দুর্যোগে ফসলের ক্ষয়ক্ষতি পুষিয়ে নেয়ার লক্ষ্যে কৃষি পুনর্বাসন এবং উৎপাদনে উৎসাহিত করার লক্ষ্যে প্রণোদনা সহায়তা প্রদান।
১৩. শস্য বিন্যাসে ডাল, তেল ও সবজী জাতীয় ফসল অর্ন্তভূক্তির মাধ্যমে ফসলের বহুমুখীতা ও নিবিড়তা বৃদ্ধিকরণ।
১৪. আউশ, আমন ও বোরো ধান ক্ষেতে ১০০% পার্চিং নিশ্চিতকরণ।
১৫. কৃষি ঋণ প্রাপ্তিতে কৃষককে সহায়তা প্রদান।
১৬. সরেজমিন লিংক প্রকল্প/কর্মসূচির সাথে সমন্বয় সাধন।
১৭. কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন।
১৮. জাতীয় বীজ বোর্ডের অনুমোদনের নিমিত্ত নতুন বীজের মাঠ মুল্যায়নে বীজ প্রত্যয়ন এজেন্সীকে সহায়তা প্রদান।

১৯. বিভিন্ন ফসলের বীজ উৎপাদনের নিমিত্ত লক্ষ্যমাত্রা নির্ধারণে এবং উৎপাদিত বীজ বিতরণে বিএডিসিকে সহায়তা প্রদান।

২০. খাদ্যশস্য সংগ্রহের নিমিত্ত মুল্য নির্ধারণে বিভিন্ন ফসলের উৎপাদন খরচ নিরুপণ করে মন্ত্রণালয়কে সহায়তা প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| ২০৩০ সালের মধ্যে প্রধান প্রধান ফসলের পর্যাপ্ততা নিশ্চিতকরণ | উৎপাদিত চাল | লক্ষ মে: টন | ৮.২০ | ৮.২৯ | ৮.৩৬ | ৮.৩৬ | ৮.৪০ | কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বিআরআরআই, বিনা, বিএডিসি, এসআরডিআই | বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন, মাঠ পর্যায়ের অগ্রগতির প্রতিবেদন |
| | উৎপাদিত গম | লক্ষ মে: টন | ১.৪৪ | ১.২১ | ১.১৮ | ১.১৭ | ১.১৬ | কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই, বিডব্লিউএমআরআই বিএডিসি, এসআরডিআই | বিবিএস , ডিএই'র বার্ষিক প্রতিবেদন ও মাঠ পর্যায়ের অগ্রগতির প্রতিবেদন |
| | উৎপাদিত ভুট্টা | লক্ষ মে: টন | ৬.১৬ | ৬.৩৮ | ৬.৪০ | ৬.৪২ | ৬.৪৪ | কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই (BARI), বিডব্লিউএমআরআই (BWMRI) বিএডিসি (BADC), এসআরডিআই (SRDI) | বিবিএস ডিএই'র বার্ষিক প্রতিবেদন ও মাঠ পর্যায়ের অগ্রগতির প্রতিবেদন |
| ২০৩০ সালের মধ্যে প্রধান প্রধান ফসলের পর্যাপ্ততা নিশ্চিতকরণ | উৎপাদিত আলু | লক্ষ মে: টন | ৬.৭৩ | ৬.৩৯ | ৬.২৪ | ৬.৪৪ | ৬.৪৫ | কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই(BARI), বিএডিসি(BADC), এসআরডিআই (SRDI) ও বে - সরকারী এনজিও | বিবিএস ডিএই'র বার্ষিক প্রতিবেদন ও মাঠ পর্যায়ের অগ্রগতির প্রতিবেদন |
| | উৎপাদিত সবজি | লক্ষ মে: টন | ৩.৫৯ | ৩.৭৮ | ৩.৮০ | ৩.৮২ | ৩.৮৫ | কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই(BARI), বিএডিসি(BADC), এসআরডিআই(SRDI) | বিবিএস ডিএই'র বার্ষিক প্রতিবেদন ও মাঠ পর্যায়ের অগ্রগতির চূড়ান্ত প্রতিবেদন |
| ২০৩০ সালের মধ্যে প্রধান প্রধান ফসলের পর্যাপ্ততা নিশ্চিতকরণ | সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | সংখ্যা | ৭৫ | ৩৫ | ১০ | ১০ | ১৫ | কৃষি মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বিআরআরআই, বিএআরআই, বিএডিসি | বিবিএস ডিএই'র বার্ষিক প্রতিবেদন, মাঠ পর্যায়ের অগ্রগতির প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫ | [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শনী | সমষ্টি | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] আয়োজিত মাঠ দিবস/ কৃষক সমাবেশ | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] আয়োজতি জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৩ | ৩ |
| | | | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রনোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রনোদনার আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শনী স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | | [১.২.২] প্রনোদনার আওতায় সহায়তাপ্রাপ্ত কৃষক সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ০.১৮ | ০.২০ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.২০ | ০.২০ |
| | | [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৬৫ | ১৬৫ | ১৬৫ | ১৬০ | ১৫৫ | ১৫০ | ১৪৫ | ১৬৫ | ১৬৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বর উন্নয়ন | ২২ | [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [২.১.২] শ্রেষ্ঠ নারী/পুরুষ মাঠকর্মীর মনোনয়ন প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ |
| | | [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠপর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৪০ | ২৫০ | ২৫০ | ২৪৫ | ২৪০ | ২৩৫ | ২৩০ | ২৭০ | ২৯০ |
| | | | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [২.৩] শূন্যপদ পূরণের উদ্যোগ গ্রহন | [২.৩.১] শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [২.৪] জমিজমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহন | [২.৪.১] জমিজমা সংক্রান্ত / মামলা সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [২.৫] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১৬ | [৩.১] মানসম্পন্ন সার/ বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিষ্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | সমষ্টি | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [৩.১.২] পরিদর্শণকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | সমষ্টি | সংখ্যা | ২ | ৮০০ | ৯০০ | ১০০০ | ৯৮০ | ৯৬০ | ৯৪০ | ৯২০ | ১১০০ | ১২০০ |
| | | [৩.২] উদ্যানতাত্তিক ফসলের মানসম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিষ্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | সমষ্টি | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ২ | ৫ | ৭ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ১০ | ১২ |
| | | [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [৪] কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানীতে সহায়তা | ৭ | [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈবসার/ জীবানু সার/ সবুজ সার ও ভার্মি কম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ২ | ১৫০ | ১৮৫ | ২০০ | ১৯৫ | ১৯০ | ১৮৫ | ১৮০ | ২১০ | ২২০ |
| | | | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মি কম্পোষ্ট/ ট্রাইকো কম্পোষ্ট/ সবুজ সার | সমষ্টি | মে: টন | ৩ | ৯০০ | ৯৫০ | ৯৫০ | ৮৫০ | ৭৫০ | ৬৫০ | ৫৫০ | ১০০০ | ১১০০ |
| | | [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রো প্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্যপণ্য/কৃষিজাত পন্য/নার্সারি ব্যবসা/বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও, অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর হিসাবে উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.......................................................................

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ
অধিদপ্তর, ঠাকুরগাঁও

.......................................................................

তারিখ

.......................................................................

অতিরিক্ত পরিচালক
অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ
অধিদপ্তর, দিনাজপুর

.......................................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ২ | এনএআরএস | জাতীয় কৃষি গবেষণা সিস্টেম |
| ৩ | এসআরডিআই | সয়েল রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনস্টিটিউট |
| ৪ | এসসিএ | সীড সার্টিফিকেশন এজিন্সী |
| ৫ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৬ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ৭ | নাটা | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী |
| ৮ | বিআরআরআই | বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট |
| ৯ | বিএআউ | বাংলাদেশ এগ্রিকালচারাল ইউনিভার্সিটি |
| ১০ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ১১ | বিএআরসি | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| ১২ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ১৩ | বিএমডিএ | বরেন্দ্র মালটিপারপার্স ডেভেলপমেন্ট অথরিটি |
| ১৪ | বিজেআরআই | বাংলাদেশ জুট রিসার্চ ইনস্টিটিউট |
| ১৫ | বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শনী | উপজেলা কৃষি অফিস | কৃষক তালিকা ও এ সংক্রান্ত সামারী শিট |
| | [১.১.২] আয়োজিত মাঠ দিবস/ কৃষক সমাবেশ | উপজেলা কৃষি অফিস | নোটিশ ও হাজিরা ও এ সংক্রান্ত সামারী শিট |
| | [১.১.৩] আয়োজতি জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | উপপরিচালকের কার্যালয় | সভার চিঠি ও কার্যবিবরণী |
| | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | উপজেলা কৃষি অফিস ও উপ পরিচালক | নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারী শিট |
| [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রনোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রনোদনার আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শনী স্থাপন | উপজেলা কৃষি অফিস | সমলয় প্রদর্শণীর তালিকা ও সামারী শিট |
| | [১.২.২] প্রনোদনার আওতায় সহায়তাপ্রাপ্ত কৃষক সংখ্যা | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারী শিট |
| [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | উপজেলা কৃষি অফিস | প্রশিক্ষনের নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারী শিট |
| | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারী শিট |
| [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | প্রশিক্ষনের নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারী শিট |
| | [২.১.২] শ্রেষ্ঠ নারী/পুরুষ মাঠকর্মীর মনোনয়ন প্রদান | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | নারী মাঠকর্মী মনেনয়ন প্রদানের সভার চিঠি ও রেজুলেশন |
| [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠপর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | পরিদর্শ প্রতিবেদন ও এ সংক্রান্ত সামারী শীট |
| | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | উপপরিচালকের কার্যালয় | পরিদর্শন প্রতিবেদন ও সামারী শিট |
| [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারী শিট |
| [২.৩] শুন্যপদ পূরণের উদ্যোগ গ্রহন | [২.৩.১] শুন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারী শীট |
| [২.৪] জমিজমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহন | [২.৪.১] জমিজমা সংক্রান্ত / মামলা সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন ও এ সাংক্রান্ত সামারী শিট |
| [২.৫] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন ও এ সংক্রান্ত সামারী শীট |
| [৩.১] মানসম্পন্ন সার/ বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিস্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন ও এ সংক্রান্ত সামারী শীট |
| | [৩.১.২] পরিদর্শণকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | পরিদর্শন প্রতিবেদন ও সামারী শীট |
| [৩.২] উদ্যানতাত্তিক ফসলের মানসম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিস্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | উপপরিচালকের কার্যালয় | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারী শীট |
| | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | উপজেলা কৃষি অফিস | পরিদর্শন প্রতিবেদন |
| [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারী শীট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈবসার/ জীবানু সার/ সবুজ সার ও ভার্মি কম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | উপপরিচালকের কার্যালয়, উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন ও এ সংক্রান্ত সামারী শীট |
| | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মি কম্পোষ্ট/ ট্রাইকো কম্পোষ্ট/ সবুজ সার | উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন |
| [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রো প্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্যপণ্য/কৃষিজাত পন্য/নার্সারি ব্যবসা/বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা | উপজেলা কৃষি অফিস | প্রশিক্ষনে নারী মাঠকর্মী মনোনয়ন প্রদান |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | স্থাপিত প্রদর্শনী | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | স্থাপিত প্রদর্শনী | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | স্থাপিত প্রদর্শনী | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মি কম্পোষ্ট/ ট্রাইকো কম্পোষ্ট/ সবুজ সার | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | দাপ্তরিক যোগাযোগ |
| কৃষি যান্ত্রিকীকরণ | উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | দাপ্তরিক যোগাযোগ |
| কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি | দাপ্তরিক যোগাযোগ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ